হাই অ্যাচিভারস ম্যাগনেট প্রোগ্রাম
যোগ্যতা এবং ধারাবাহিকতা নির্দেশিকা

DeKalb County School District পিতামাতাদেরকে স্কুলে স্বেচ্ছাসেবার কাজের পাশাপাশি ঘরেও তাদের সন্তানদের শেখার অভিজ্ঞতা দিতে উৎসাহিত করে।

- **এলিমেন্টারি স্কুল প্রোগ্রামের যোগ্যতা:** High Achievers Magnet Program-এর সব আবেদনকারীকে **অবশ্যই** ফল সেমিস্টারে মূল বিষয়গুলিতে অন্ততঃ 3.0 (বা তার বেশি) গ্রেড পয়েন্ট এভারেজ (GPA) রাখতে হবে। যেসব DeKalb শিক্ষার্থীরা গ্রেড 4-6-এ উঠছে তাদেরকে অবশ্যই বর্তমান স্কুল শিক্ষাব চলাকালে নেওয়া **বেসলাইন** (প্রথম) M.A.P. মূল্যায়নে 75 পার্সেন্টাইল (বা তার বেশি) মোট পঠন স্কোর, 75 পার্সেন্টাইল (বা তার বেশি) অঙ্কে মোট স্কোর থাকতে হবে। DeKalb County School District-এ ভর্তি নয় এমন শিক্ষার্থীদের অবশ্যই বর্তমান স্কুল বর্ষ চলাকালীন নেয়া **বেসলাইন** (প্রথম) M.A.P. মূল্যায়নে 75 পার্সেন্টাইল (বা তার বেশি) মোট পঠন স্কোর এবং 75 পার্সেন্টাইল (বা তার বেশি) অঙ্কে মোট স্কোর থাকতে হবে।
- **এলিমেন্টারি স্কুল প্রোগ্রাম ধারাবাহিকতার নির্দেশিকা:** হাই অ্যাচিভার্সের জন্য ম্যাগনেট প্রোগ্রামে ভর্তি হওয়া এলিমেন্টারি শিক্ষার্থীরা অবশ্যই প্রত্যেক বছরে পুরো প্রোগ্রাম জুড়ে মূল বিষয়গুলিতে 3.0(বা তার বেশি) গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (GPA) বজায় রাখবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে এক সেমিস্টারের জন্য প্রবেশনে রাখা হয়। এমন যে কো্নো শিক্ষার্থীকে সহায়তা পরিকল্পনা দেয়া হবে যার প্রবেশন পর্ব জুড়ে GPA শিক্ষাগত ফলাফলের মানদন্ডের নিচে ছিল। পিতামাতাদের সব বৈঠকে উপস্থিত থাকতে হবে। যেসব শিক্ষার্থীদের পর পর দুটি গ্রেডিং পর্ব বা দুটি সেমিস্টারের পরেও 3.0 GPA নেই, তাদেরকে আবশ্যিকভাবে ম্যাগনেট প্রোগ্রাম থেকে বেরিয়ে গিয়ে নিজেদের ঘরের স্কুলে নাম লেখাতে হবে। যদি কোনো শিক্ষার্থী স্কুল বর্ষের কো্নো মেয়াদ চলাকালে উন্নয়নের মানদন্ড পূরণ না করে, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে ম্যাগনেট প্রোগ্রাম থেকে প্রত্যাহার করে হোম স্কুলে ফেরানো হবে।
- **মিডল এবং হাই স্কুল প্রোগ্রামের যোগ্যতা:** High Achievers Magnet Program-এর সব আবেদনকারীকে ফল সেমিস্টারে মূল বিষয়গুলিতে অন্ততঃ 3.0 (বা তার বেশি) গ্রেড পয়েন্ট এভারেজ (GPA) রাখতে হবে। যেসব DeKalb শিক্ষার্থীা গ্রেড 7-9-এ উঠছে তাদেরকে অবশ্যই বর্তমান স্কুল বর্ষ চলাকালে নেওয়া **বেসলাইন** (প্রথম) M.A.P. মূল্যায়নে 75 পার্সেন্টাইল (বা তার বেশি) মোট পঠন স্কোর এবং 75 পার্সেন্টাইল (বা তার বেশি) অঙ্কে মোট স্কোর থাকতে হবে। DeKalb County School

District-এ ভর্তি নয় এমন শিক্ষার্থীদের অবশ্যই বর্তমান স্কুল বর্ষ চলাকালীন নেয়া **বেসলাইন** (প্রথম) M.A.P. মূল্যায়নে 75 পার্সেন্টাইল (বা তার বেশি) মোট পঠন স্কোর এবং 75 পার্সেন্টাইল (বা তার বেশি) অঙ্কে মোট স্কোর থাকতে হবে। হাই স্কুল হাই অ্যাচিভার্স ম্যাগনেট প্রোগ্রামে আবেদন করা শিক্ষার্থীদের গ্রেড - লেভেলের আবশ্যিক কোর্সগুলো সফলভাবে সম্পূর্ণ করা দরকার।

- **মিডল এবং হাই স্কুল প্রোগ্রামের ধারাবাহিকতার নির্দেশিকা:** যেসব মিডল ও হাই স্কুলের শিক্ষার্থীরা হাই অ্যাচিভার্স ম্যাগনেট প্রোগ্রামে ভর্তি হয়েছে তাদেরকে অবশ্যই সামগ্রিকভাবে গড় কোর গ্রেড পয়েন্ট (GPA) 3.0 বা তার বেশি ও সব মূল বিষয়গুলিতে ন্যূনতম 71 সাংখ্যিক গ্রেড পেতে হবে এবং প্রত্যেক সেমেস্টারে উন্নতির মানদন্ড পূরণ করতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে এক সেমিস্টারের জন্য প্রবেশনে রাখা হয়। পিতামাতাদের সব বৈঠকে উপস্থিত থাকতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে সহায়তা পরিকল্পনা দেয়া হবে। যেসব শিক্ষার্থী সামগ্রিকভাবে গড় গ্রেড পয়েন্ট 3.0 বা তার বেশি ও সব মূল বিষয়ে 71 সাংখ্যাগত গ্রেড পায় না, এবং পর পর দুটি গ্রেডিং পর্ব, বা দুটি সেমিস্টারের পরেও প্রত্যেক সেমিস্টারের উন্নয়নের মানদন্ড পূরণ করে না, তাদেরকে আবশ্যিকভাবে ম্যাগনেট প্রোগ্রাম ছেড়ে বেরিয়ে তাদের হোম স্কুলে নাম লেখাতে হবে। যদি কোনো শিক্ষার্থী স্কুল বর্ষের কোনো মেয়াদ চলাকালে উন্নয়নের মানদন্ড পূরণ না করে, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে ম্যাগনেট প্রোগ্রাম থেকে প্রত্যাহার করে হোম স্কুলে ফেরানো হবে।
- **লটারির যোগ্যতায় ভাইবোনের অগ্রাধিকারের নির্দেশিকা:** শুধুমাত্র জন্মগতভাবে একাধিক ভাইবোন থাকলে তবেই তাদেরকে যথেচ্ছ শিক্ষার্থী নির্বাচন লটারি প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য যুক্ত করা যায়। এছাড়াও, দুই ভাইবোনকে অবশ্যই অগ্রাধিকারের যোগ্যতার জন্য মানদন্ডগুলি পূরণ করতে হবে।
- **দ্রষ্টব্য:** যখন কোন আবেদনকারী ম্যাগনেট প্রোগ্রামে পাওয়া সিট প্লেসমেন্ট বাতিল করে দেয়, তখন সেই শিক্ষার্থী পরবর্তী ভর্তি প্রক্রিয়া না খোলা পর্যন্ত আর ম্যাগনেট প্রোগ্রামে আসন পাওয়ার জন্য আবেদন করতে পারবে না।
- **বেসলাইন M.A.P. স্কোর** বর্তমান স্কুল বর্ষের জন্য প্রথমবার করা M.A.P. মূল্যায়ন থেকে নেওয়া হয়েছে।

স্পেশাল ইন্টারেস্ট ম্যাগনেট প্রোগ্রাম
যোগ্যতা এবং ধারাবাহিকতা নির্দেশিকা

DeKalb County School District পিতামাতাদেরকে স্কুলে স্বেচ্ছাসেবার কাজের পাশাপাশি ঘরেও তাদের সন্তানদের শেখার অভিজ্ঞতা দিতে উৎসাহিত করে।

- **এলিমেন্টারি স্কুল প্রোগ্রামের যোগ্যতা:** স্পেশাল ইন্টারেস্ট ম্যাগনেট প্রোগ্রামের জন্য আবেদনকারীদেরকে (মানে অঙ্ক, বিজ্ঞান, শিল্পকলা, প্রযুক্তি, ইত্যাদি) অবশ্যই ফল সেমিস্টারে মূল বিষয়গুলিতে সামগ্রিকভাবে সাংখ্যাগত গড় 80 (3.0 GPA) রাখতে হবে। প্রি-কিন্ডারগার্টেন এবং কিন্ডারগার্টেন শিক্ষার্থী আবেদনকারীদেরকে যোগ্যতার মানদন্ড পূরণ করতে হবে না।
- **এলিমেন্টারি স্কুল প্রোগ্রাম ধারাবাহিকতার নির্দেশিকা:** Special Interest Magnet Program-এর জন্য ভর্তি হওয়া এলিমেন্টারি শিক্ষার্থীদেরকে আবশ্যিকভাবে পুরো শিক্ষাবর্ষ জুড়ে মূল বিষয়গুলিতে সামগ্রিকভাবে সাংখ্যাগত গড় 80 (3.0 GPA) রাখতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে এক সেমিস্টারের জন্য প্রবেশনে রাখা হয়। যেসব শিক্ষার্থীর GPA প্রবেশন পর্ব জুড়ে 3.0-র কম ছিল তাদেরকে সহায়তা পরিকল্পনা দেয়া হবে। পিতামাতাদের সব বৈঠকে উপস্থিত থাকতে হবে। যেসব শিক্ষার্থীর পর পর দুটি গ্রেডিং পর্ব বা দুটি সেমিস্টারের পরেও সামগ্রিকভাবে সাংখ্যাগত গড় 80 (3.0 GPA) নেই, তাদেরকে আবশ্যিকভাবে ম্যাগনেট প্রোগ্রাম থেকে বেরিয়ে গিয়ে নিজেদের হোম স্কুলে নাম লেখাতে হবে। <u>যদি কোনো শিক্ষার্থী স্কুল বর্ষের কোনো মেয়াদ চলাকালে উন্নয়নের মানদন্ড পূরণ না করে, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে ম্যাগনেট প্রোগ্রাম থেকে প্রত্যাহার করে হোম স্কুলে ফেরানো হবে।</u>
- **মিডল এবং হাই স্কুল প্রোগ্রামের যোগ্যতা:** সব আবেদনকারীদেরকে ফল সেমেস্টারে মূল বিষয়গুলিতে অন্ততঃ 3.0 বা তার বেশি গ্রেড পয়েন্ট অ্যাভারেজ (GPA) রাখতে হবে।
- **মিডল এবং হাই স্কুল প্রোগ্রামের ধারাবাহিকতার নির্দেশিকা:** যেসব মিডল ও হাই স্কুলের শিক্ষার্থী স্পেশাল ইন্টারেস্ট ম্যাগনেট প্রোগ্রামে ভর্তি হয়েছে তাদেরকে অবশ্যই সামগ্রিকভাবে সামগ্রিকভাবে গ্রেড পয়েন্ট অ্যাভারেজ 3.0 তার বেশি ও সব মূল বিষয়গুলিতে ন্যূনতম 71 সাংখ্যিক গ্রেড পেতে হবে, এবং পুরো শিক্ষাবর্ষ জুড়ে উন্নতির মানদন্ড পূরণ করতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে এক সেমিস্টারের জন্য প্রবেশনে রাখা হয়। পিতামাতাদের সব বৈঠকে উপস্থিত থাকতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ

করে না তাদেরকে সহায়তা পরিকল্পনা দেয়া হবে। যেসব শিক্ষার্থী সামগ্রিকভাবে গ্রেড পয়েন্ট অ্যাভারেজ 3.0, ও সব মূল বিষয়গুলিতে 71-এর সাংখ্যিক গ্রেড পায় না, এবং পর পর দুটি গ্রেডিং পর্ব, বা দুটি সেমেস্টারের পরেও উন্নতির মানদন্ড পূরণ করে না, তাদেরকে আবশ্যিকভাবে ম্যাগনেট প্রোগ্রাম ছেড়ে বেরিয়ে তাদের ঘরের স্কুলে নাম লেখাতে হবে। যদি কোনো শিক্ষার্থী স্কুল বর্ষের কো্নো মেয়াদ চলাকালে উন্নয়নের মানদন্ড পূরণ না করে, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে ম্যাগনেট প্রোগ্রাম থেকে প্রত্যাহার করে হোম স্কুলে ফেরানো হবে। **দ্রষ্টব্য:** কোন ম্যাগনেট প্রোগ্রামে থাকা শিক্ষার্থীদের ম্যাগনেট ক্রেডিট অথবা ম্যাগনেট প্রোগ্রাম ডিপ্লোমা সীলটি পেতে ম্যাগনেট অথবা অনুমোদিত কলেজ স্তরের কোর্সগুলি সম্পূর্ণ করা আবশ্যিক।

- **DeKalb School of the Arts প্রোগ্রাম ধারাবাহিকতার নির্দেশিকা (গ্রেড 9-12):** ভর্তি হওয়া শিক্ষার্থীকে আবশ্যিকভাবে সামগ্রিকভাবে গ্রেড পয়েন্ট এভারেজ (GPA) 3.0 বা তার বেশি ও সব মূল বিষয়ে 71-এর সাংখ্যাগত গ্রেড পেতে হবে, এবং পুরো শিক্ষাবর্ষ জুড়ে উন্নতির মানদন্ড পূরণ করতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে এক সেমিস্টারের জন্য প্রবেশনে রাখা হয়। পিতামাতাদের সব বৈঠকে উপস্থিত থাকতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে সহায়তা পরিকল্পনা দেয়া হবে। যেসব শিক্ষার্থী সামগ্রিকভাবে গ্রেড পয়েন্ট এভারেজ (GPA) 3.0 বা তার বেশি ও সব মূল বিষয়গুলিতে 71-এর সাংখ্যাগত গ্রেড পায় না, এবং পর পর দুটি গ্রেডিং পর্ব, বা দুটি সেমেস্টারের পরেও উন্নতির মানদন্ড পূরণ করে না, তাদেরকে আবশ্যিকভাবে ম্যাগনেট প্রোগ্রাম ছেড়ে বেরিয়ে তাদের হোম স্কুলে নাম লেখাতে হবে। শিক্ষার্থীদেরকে প্রত্যেক স্কুল বর্ষে দুটি করে পারফর্ম্যান্স ক্রেডিটও সম্পন্ন করতে হবে। যদি কোনো শিক্ষার্থী স্কুল বর্ষের কো্নো মেয়াদ চলাকালে উন্নয়নের মানদন্ড পূরণ না করে, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে ম্যাগনেট প্রোগ্রাম থেকে প্রত্যাহার করে হোম স্কুলে ফেরানো হবে।
- **Arabia Mountain High School প্রোগ্রামে ধারাবাহিকতার নির্দেশিকা** – ভর্তি হওয়া সব শিক্ষার্থীকে অবশ্যই প্রত্যেক দিন মনোনীত ইউনিফর্ম পরতে হবে, 20 ঘণ্টার সমাজসেবা করতে হবে, সামগ্রিকভাবে গ্রেড পয়েন্ট এভারেজ (GPA) 3.0 তার বেশি এবং অন্যান্য সব বিষয়ে ন্যূনতম সাংখ্যাগত গড় 71 রাখতে হবে, ও পুরো শিক্ষাবর্ষ জুড়ে উন্নতির মানদন্ড পূরণ করতে হবে। সিনিয়র শিক্ষার্থীদেরকে পড়াশুনোর প্রধান প্রোগ্রামের সাথে বিশেষ যোগ থাকা বিজ্ঞান, প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং এবং অঙ্কের (STEM) প্রকল্প সম্পূর্ণ করতে হবে। শিক্ষার্থীরা অবশ্যই কোন শিক্ষামূলক প্রতিযোগিতা এবং ছাত্র সংগঠন এবং/বা ক্লাবে অংশগ্রহণ করবে। পিতামাতারা অবশ্যই প্রত্যেক স্কুল বর্ষে 10 ঘণ্টা করে পিতামাতাদের নিয়োজনের সময় সম্পন্ন

করবেন। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে এক সেমিস্টারের জন্য প্রবেশনে রাখা হয়। পিতামাতাদের সব বৈঠকে উপস্থিত থাকতে হবে। যেসব শিক্ষার্থী শিক্ষাগত ফলাফলের মানদন্ড পূরণ করে না তাদেরকে সহায়তা পরিকল্পনা দেয়া হবে। যেসব শিক্ষার্থী সামগ্রিকভাবে গ্রেড পয়েন্ট এভারেজ (GPA) 3.0 বা তার বেশি ও সব মূল বিষয়ে ন্যূনতম 71-এর সাংখ্যাগত গ্রেড পায় না, এবং পর পর দুটি গ্রেডিং পর্ব, বা দুটি সেমেস্টারের পরেও উন্নতির মানদন্ড পূরণ করে না, তাদেরকে আবশ্যিকভাবে ম্যাগনেট প্রোগ্রাম ছেড়ে বেরিয়ে তাদের হোম স্কুলে নাম লেখাতে হবে। শিক্ষার্থীদেরকে প্রত্যেক স্কুল বর্ষে দুটি করে পারফর্ম্যান্স ক্রেডিটও সম্পন্ন করতে হবে। যদি কোনো শিক্ষার্থী স্কুল বর্ষের কোনো মেয়াদ চলাকালে উন্নয়নের মানদন্ড পূরণ না করে, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে ম্যাগনেট প্রোগ্রাম থেকে প্রত্যাহার করে হোম স্কুলে ফেরানো হবে।

- **লটারির যোগ্যতায় ভাইবোনের অগ্রাধিকারের নির্দেশিকা:** শুধুমাত্র জন্মগতভাবে একাধিক ভাইবোন থাকলে তবেই তাদেরকে যথেচ্ছ শিক্ষার্থী নির্বাচন লটারি প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য যুক্ত করা যায়। এটি
    - DeKalb Elementary School of Arts-এ গ্রেড 4-8-এ আসনের জন্য আবেদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।
    - DeKalb School of Arts (গ্রেড 9-12)
    - Arabia Mountain High School – জন্মগতভাবে একাধিকভাবে ভাইবোন থাকলে তাদেরকে জন্মগত ভাইবোনের অগ্রাধিকারের জন্য যোগ্য হতে অবশ্যই একই গ্রেড স্তরে এবং একই প্রোগ্রামে একটি আসনের জন্য আবেদন করতে হবে। এছাড়াও, দুই ভাইবোনকে অবশ্যই অগ্রাধিকারের যোগ্যতার জন্য মানদন্ডগুলি পূরণ করতে হবে।

দ্রষ্টব্য:

- যখন কোন আবেদনকারী ম্যাগনেট প্রোগ্রামে পাওয়া আসনের প্লেসমেন্ট বাতিল করে দেয়, তখন সেই শিক্ষার্থী পরবর্তী নির্বাচন/লটারি পর্ব না খোলা পর্যন্ত আর ম্যাগনেট প্রোগ্রামে স্থান পাওয়ার জন্য আবেদন করতে পারবে না।

- কোনো ম্যাগনেট প্রোগ্রামে থাকা শিক্ষার্থীদের ম্যাগনেট ক্রেডিট অথবা ম্যাগনেট প্রোগ্রাম ডিপ্লোমা সীলটি পেতে ম্যাগনেট অথবা অনুমোদিত কলেজ - স্তরের কোর্সগুলি সম্পূর্ণ করা আবশ্যিক।